

## সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

অন্যান্য বাহিনীর ন্যায় বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর একক সুনির্দিষ্ট দায়িত্ব প্রদান।  
টিওএন্ডই হালনাগাদকরণ, কর্মকর্তা-কর্মচারীর স্বল্পতা, পদ সৃজন, কর্মকর্তাদের পদোন্নতির অধিকতর সুযোগ বৃদ্ধি,  
পর্যাপ্ত যানবাহন ও লজিস্টিক্স সরঞ্জামাদির অপ্রতুলতা অন্যতম প্রধান সমস্যা।

## ভবিষ্যৎ পরিকল্পনাঃ

সিরাজগঞ্জ জেলায় অত্র বাহিনীর সদস্যদের মধ্যে তথ্য আদান প্রদান ব্যবস্থাপনায় একটি সামগ্রিক নেটওয়ার্ক গড়ে তোলা। সন্ত্রাস, মাদক, জঙ্গীবাদ, যৌন হয়রানি, বাল্যবিবাহ প্রভৃতি রোধকল্পে গ্রাম প্রতিরক্ষা দল (VDP) ও শহর প্রতিরক্ষা দল (TDP) সদস্য সদস্যদের মাধ্যমে শহরে এবং প্রত্যন্ত অঞ্চলে সামগ্রিক সচেতনতা বৃদ্ধি করা।

সিরাজগঞ্জ জেলাসহ সকল উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে কাংখিত লক্ষ্যর্জন।

প্রত্যেক গ্রামে/ওয়ার্ডে ভিডিপি প্লাটুন সমূহকে অধিকতর সক্রিয় করে গ্রামীণ জনসাধারণের সার্বিক নিরাপত্তায় ফলপ্রসূ ভূমিকা রাখা।

## ২০২০-২০২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহঃ

- জেলা ম্যাজিস্ট্রেসীর অধীনে ২৫০টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা। সমতল এলাকার জনসাধারণের নিরাপত্তা বিধানকল্পে ১৫০টি টহল ও অন্যান্য অভিযানে অংশগ্রহণ করা হবে।
- অত্র জেলার গুরুত্বপূর্ণ কেপিআই স্থাপনাসমূহের সার্বিক নিরাপত্তা বিধানের লক্ষ্যে ২৫০ জন আনসার সদস্য অঙ্গীভূত করা হবে।
- দুর্গাপূজা, জাতীয় ও স্থানীয় নির্বাচনসমূহের নিরাপত্তা ও আইন-শৃঙ্খলা রক্ষার জন্য ১২,২৮০ জন আনসার ও ভিডিপি সদস্য-সদস্যা মোতায়েনের জন্য প্রস্তুত রাখা হবে।
- প্রায় ৩,০৯০ জন আনসার-ভিডিপি সদস্য-সদস্যকে বিভিন্ন মৌলিক, কারিগরি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হবে।